

সীমিত

খাতওয়ারী অক্টোবর ২০১৭ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী অক্টোবর ২০১৭ এ সর্বমোট ১১৭ কোটি ০৬ লক্ষ ০৬ হাজার ৩৬০ টাকার সাফল্য অর্জন করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ১ কোটি ০৬ লক্ষ ৫১ হাজার ৪৬০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	বার্থিং হাউজার	৬৭০ মিটার	৫,৮৭,৫০০/০০
২।	শাড়ি	৪০ পিস	৪০,০০০/০০
৩।	থান কাপড়	১৬১ মিটার	২,৯৫,৯৬০/০০
৪।	ড্রেজার/বান্ধহেড	০১ টি	৭,০০,০০০/০০
৫।	অন্যান্য (মোবাইল, সোলার প্যানেল ও নগদ টাকা)	-	২,১৫,০০০/০০
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০৩ টি	-
২।	রামদা/ছুরি	০২ টি	-
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	২,৭৭১ পিস	১৩,৮৫,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	১,০৮৫ ক্যান	৫,৫৪,৫০০/০০
৩।	গাঁজা	১.৫ কেজি	৩০,০০০/০০
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৪২৫ ঘনফুট	১১,০০,০০০/০০
<b>পরিবেশ রক্ষা</b>			
১।	তক্ষক	০১ টি	৩৭,৫০,০০০/০০
২।	পলিথিন	৬,১২০ কেজি	৯,৩৩,০০০/০০
<b>আটককৃত বাহন</b>			
১।	বোট/ট্রাক	১৪৫ টি	১,২২,৭০,১৫০/০০
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১৯ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	বিপন্ন জেলে/যাত্রী উদ্ধার	১৫ জন	-
২।	বোট উদ্ধার	০২ টি	-
<b>সর্বমোট</b>			<b>১,০৬,৫১,৪৬০/০০</b>

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে অক্টোবর ২০১৭ মাসে সর্বমোট ১১৫ কোটি ৯৯ লক্ষ ৫৪ হাজার ৯০০ টাকার ৪,৪২,০৯,২০০ মিটার কারেন্ট জাল, ১২৩ পিস বেহুন্দি/ মশারি জাল, ২০,৭৫,৩০০ মিটার অন্যান্য জাল, ১০,৫৪৭ কেজি জাটকা, ৫০,৪০০ পিস রেনু পোনা ও ৩৭০ জন জেলেকে আটক করা হয়।

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহুরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অক্টোবর ২০১৭ মাসে মোট ৩,৩৭৬ জন রোহিঙ্গাসহ ০৫ টি নৌকা মায়ানমারে ফেরত পাঠানো/আটক করে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে এবং ৩৬ জন রোহিঙ্গার মৃতদেহ উদ্ধার করে পরবর্তীতে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। এছাড়াও কোস্ট গার্ড বাহিনী কর্তৃক বিভিন্ন এলাকা হতে ১২ জন দালালকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

৫। সার্চ এন্ড রেসকিউ অভিযান। গত ০৮ অক্টোবর ২০১৭ তারিখে সিজি আউটপোস্ট মনপুরা কর্তৃক মনপুরা থানাধীন চর সামসুদ্দিন এলাকা হতে ০১ টি বোটসহ ০৮ জন যাত্রীকে উদ্ধার করা হয়। এছাড়াও গত ১৩ অক্টোবর ২০১৭ তারিখে সিজি বেইস ভোলা কর্তৃক তেতুলিয়া নদীর হাজির হাট এলাকা হতে ০১ টি বোটসহ ০৬ জন যাত্রীকে উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রীদেরকে স্থানীয় পুলিশের উপস্থিতিতে তাদের অভিভাবকের নিকট হস্তান্তর করা হয়।

৫। ডাকাতদের বিরুদ্ধে বিশেষ অভিযান। গত ০৪ অক্টোবর ২০১৭ তারিখে সিজি বেইস মংলা ও সিজি আউটপোস্ট নলিয়ান কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে পাইকগাছা থানার অন্তর্গত শান্তা লঞ্চ ঘাট এলাকায় অভিযান পরিচালনা করে শিবসা নদীর পাড়ে পরিত্যক্ত অবস্থায় ০২ টি দেশীয় পাইপগান উদ্ধার করে। অস্ত্র উদ্ধারের স্থান হতে ৫০ গজ উত্তরে নদীর পাড়ে একজন ব্যক্তি দৌড়ে পালিয়ে যেতে দেখে তাকে সন্দেহভাজন অস্ত্র চোরাকারবারী হিসেবে আটক করা হয়। পরবর্তীতে আটককৃত সন্দেহভাজন ব্যক্তি ও অস্ত্র পাইকগাছা থানায় হস্তান্তর করা হয়। পাইকগাছা থানার সাধারণ ডায়রি নং ১৮০/১৭ তারিখ ০৪ অক্টোবর ২০১৭ উল্লেখ্য। গত ০৫ অক্টোবর ২০১৭ তারিখে ০১০০ ঘটিকায় সিজি বেইস মংলা ও সিজি স্টেশান কয়রা কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে শ্যামনগর থানাধীন ফাইসামারী সংলগ্ন এলাকায় অপারেশান পরিচালনা করার সময় ডাকাত দল কোস্ট গার্ড বাহিনীকে লক্ষ্য করে গুলি করতে থাকে। পরবর্তীতে কোস্ট গার্ড বাহিনী ডাকাতদের উদ্দেশ্যে পাল্টা গুলি করে। উক্ত স্থান হতে ০১ টি রিভলভার, ০২ টি মোবাইল সেট, ০১ টি রামদা ও ০২ টি মোটর সাইকেলসহ ০৩ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত মালামালসহ ডাকাতদের শ্যামনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

৬। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। অক্টোবর ২০১৭ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।